001

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৩৭.২৭.০০১২.২৫-৯৩,  তারিখ: ১৮ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ / ০৩ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

**আদেশ**

যেহেতু, জনাব আতিয়া আনজুম আভা, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি মন্ত্রণালয়, গত ১৯/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ হতে ২৭/০৩/২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে ১৯০(একশত নব্বই) দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। তাঁর ধারাবাহিকভাবে ১৯০ (একশত নব্বই) দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ)(আ) বিধি মোতাবেক অসঙ্গত বা চাকরি শৃঙ্খলার জন্য হানিকর আচরণ ও কর্তব্যে অবহেলা প্রদর্শন এবং ২(চ) বিধি মোতাবেক 'পলায়ন' (Desertion) এর পর্যায়ভুক্ত; এবং

যেহেতু, উল্লিখিত কর্মকান্ডের পরিপ্রেক্ষিতে জনাব আতিয়া আনজুম আভা, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি মন্ত্রণালয়কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ)(আ) বিধি মোতাবেক অসঙ্গত বা চাকরি শৃঙ্খলার জন্য হানিকর আচরণের ও কর্তব্যে অবহেলা প্রদর্শনের এবং একই বিধিমালার ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক অসদাচরণ (Misconduct) ও পলায়নের (Desertion) অপরাধের অভিযোগে ০৫/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়; এবং

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে তিনি লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে তিনি ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেননি; এবং

যেহেতু, লিখিত জবাবের প্রেক্ষিতে অভিযোগনামায় আনীত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য জনাব সাবেরা আক্তার, যুগ্মসচিব, ভূমি মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে প্রতিবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে এই মর্মে মতামত প্রদান করেন যে, অভিযুক্ত জনাব আতিয়া আনজুম আভা, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি মন্ত্রণালয়-এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা ০৫/২০২৫ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও ৩(গ) বিধি মোতাবেক "পলায়ন" সংক্রান্ত অভিযোগের বিষয়ে একই বিধিমালার ২(খ) ও (চ) সংজ্ঞার আলোকে এবং রাষ্ট্রপক্ষের প্রতিনিধি ও অভিযুক্তের বক্তব্য পর্যালোচনায় অভিযোগের সত্যতা পাওয়া গিয়েছে। অর্থাৎ তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও ৩(গ) বিধি মোতাবেক 'পলায়ন' সংক্রান্ত অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে অপরাধের প্রকৃতি বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত প্রাথমিকভাবে গ্রহণ করা হয় এবং কেন বর্ণিত প্রমাণিত অপরাধের কারণে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপ করা হবে না একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক ৭(সাত) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে তার কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ২য় কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব দাখিল করেন; এবং

পরবর্তী পৃষ্ঠা-০২

যেহেতু, তাঁর দাখিলকৃত লিখিত জবাব পর্যালোচনান্তে জবাব সন্তোষজনক নয় মর্মে বিবেচিত হওয়ায় জনাব আতিয়া আনজুম আভা, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব আতিয়া আনজুম আভা, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক অসদাচরণ (Misconduct) ও পলায়নের (Desertion) অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের পরামর্শ প্রদান করেছে;

সেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযোগনামার জবাব, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি, ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামতসহ সার্বিক বিষয় পর্যালোচনা ও অপরাধের প্রকৃতি বিবেচনান্তে জনাব আতিয়া আনজুম আভা, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক অসদাচরণ (Misconduct) ও পলায়নের (Desertion) অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৩/০৩/২৬

(এ এস এম সালেহ আহমেদ)
সিনিয়র সচিব
ভূমি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৩৭.২৭.০০১২.২৫- ৯৬/১(৯), তারিখ: ১৮ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ / ০৩ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :**

০১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), ভূমি মন্ত্রণালয়।
০৩। অতিরিক্ত সচিব, ডিকেএমপি অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়।
০৪। উপসচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয় (দন্ডপ্রাপ্ত কর্মকর্তাকে আদেশের কপি যথাযথ প্রক্রিয়ায় জারি করে জারি প্রতিবেদন এ শাখায় প্রেরণসহ বিধি মোতাবেক দণ্ড বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৫। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
০৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়।
০৯। জনাব আতিয়া আনজুম আভা, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (চাকরি হতে বরখাস্ত দণ্ডপ্রাপ্ত), ভূমি মন্ত্রণালয়।
১০। মাস্টার কপি/অফিস কপি।

Sultana
০৩/০৩/২০২৬

(নাসরিন সুলতানা)
উপসচিব
ফোন:+৮৮-০২৫৫১০১২৩৯
ই-মেইল: admin3@minland.gov.bd